# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায)

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

২.১৫ ফরজ সালাতের আগে-পরের সুন্নাত - ৫৪. ফরজ সালাতের আগে ও পরে কত রাকআত সুন্নাত?

আমরা সকলেই জানি যে, ফরজ সালাতের রাকআত সংখ্যা হলো: (ক) ফজর- ২ রাকআত, (খ) যোহর- ৪ রাকআত, (গ) আসর- ৪ রাকআত, (ঘ) মাগরিব- ৩ রাকআত এবং (ঙ) ইশা ৪ রাকআত।

ফরজের আগে পরের সুন্নাত সালাতের রাকআত সংখ্যা নিম্নরূপ:

| ফরজ সালাত | আগের সুন্নাত | পরের সুন্নাত |
|---|---|---|
| ফজর | ২ | - |
| যোহর | ৪ বা ২ | ২ |
| আসর | - | - |
| মাগরিব | - | ২ |
| এশা | - | ২ |

সর্বমোট দশ বা বারো রাকআত। এগুলোকে বলা হয় সুন্নাতে মুআক্কাদাহ। রাসূলুল্লাহ (স.) বলেছেন যে ব্যক্তি দিনে ও রাতে বারো রাকআত সালাত আদায় করে তার জন্য জান্নাতে একটি ঘর বানানো হয়। এগুলো হলো যোহরের আগে চার রাকআত ও পরে দুই রাকআত। মাগরিবের পরে দুই রাকআত, এশার পর দুই রাকআত এবং ফজরের আগে ২ রাকআত (সুন্নাত) সালাত। (তিরমিযী)।

ফজরের দুই রাকআত সুন্নাত সালাতের গুরুত্ব

(১) আয়েশা (রা.) বলেছেন, ফজরের দুই রাকআত সুন্নাতের চেয়ে আর কোন নফলের প্রতি রাসূলুল্লাহ (স.) এত বেশি গুরুত্ব দিতেন না। (বুখারী, মুসলিম)
(২) ফজরের ২ রাকআত সুন্নাত দুনিয়া ও দুনিয়াতে যা কিছু আছে তার চেয়ে উত্তম। (মুসলিম)

Source — https://www.hadithbd.com/books/link/?id=12940

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন